**ALL INDIA RADIO, SILCHAR**

*****************

**EVENING BULLETIN : BENGALI**

**Date:- 19-03-2024**

***Time: 19:45-19:55 Hrs***

---

১। নাগরিকত্ব সংশোধনী আইন রূপায়নে স্থগিতাদেশ জারি করার ক্ষেত্রে সুপ্রিম কোর্টের অস্বীকার / আগামী ৮ ই এপ্রিলের মধ্যে সরকারকে শপথনামা দাখিল করার নির্দেশ ।

২। দেশে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারি /আসামের ৫ টি জেলা সহ প্রথম পর্যায়ে ১৭ টি রাজ্য ও চারটি কেন্দ্রশাসিত অঞ্চলের ১২০ টি আসনের জন্য ভোটগ্রহণের প্রস্তুতি ।

এবং

৩।আসন্ন লোকসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা কর্মীদের দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার অভিযান অব্যাহত ।

-------------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্ট নাগরিকত্ব সংশোধনী আইন রূপায়নের ক্ষেত্রে স্থগিতাদেশ জারি করার বিষয়ে অস্বীকার করেছে ।আজ এই সম্পর্কীত মামলার শুনানি গ্রহণ করে আগামী দোসরা এপ্রিলের মধ্যে আবেদনকারী ও সরকারী পক্ষকে ৫ পৃষ্ঠার লিখিত প্রতিবেদন দাখিল করার নির্দেশ দিয়েছে। এছাড়া আগামী ৮ ই এপ্রিলের মধ্যে সরকারকে শপথনামা দাখিল করারও নির্দেশ জারি করা হয়েছে ।৯ ই এপ্রিল এই আইনের স্থগিতাদেশ সম্পর্কে পরবর্তী শুনানি গ্রহণ করা হবে ।এই আইনের ক্ষেত্রে আসাম আসাম ও ত্রিপুরার সঙ্গে জড়িত মামলার জন্য পৃথক পৃথক শুনানি গ্রহণ করা হবে বলেও সর্বোচ্চ আদালত জানিয়েছে

।উল্লেখ্য এই আইনের স্থগিতাদেশ চেয়ে আসাম বিধানসভায় বিরোধি দলনেতা দেবব্রত শইকিয়া সহ অসম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদ ও সারা আসাম ছাত্র সংস্থা আবেদন দাখিল করেছিল ।

--------------------------------------------------------------------------------

প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আগামীকাল বিজ্ঞপ্তী জারি করা হবে ।এই পর্যায়ে ১৭ টি রাজ্য ও ৪ টি কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ১২০ টি লোকসভা আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে । তামিলনাড়ুর ৩৯ টি , রাজস্তানের ১২ টি , উত্তরপ্রদেশের ৮ টি , মধ্যপ্রদেশের ছটি , উত্তরাখন্ড , আসাম ও মহারাষ্ট্রের ৫ টি করে , মণিপুর , মেঘালয় ও অরুণাচল প্রদেশের দুটি করে , মিজোরাম , নাগাল্যান্ড , ত্রিপুরা ,সিকিম ছত্তিশগড় আন্দামান ও নিকোবর দীপপুঞ্জ , জন্মু কাশ্মীর , লাক্ষাদ্বীপ ও পডুচেরীতে একটি করে আসনের জন্য প্রথম পর্যায়ে ভোটগ্রহণ করা হবে ।আগামী ২৭ শে মার্চ পর্যন্ত মনোনয়ন পত্রগুলি দাখিল করা যাবে । আগমী ১৯ শে এপ্রিল প্রথম পর্যায়ের জন্য ভোট গ্রহণ করা হবে । দেশে মোট ৭ টি পর্যায়ে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হবে । চৌঠা জুন ভোট গননা করা হবে ।নির্বাচন কমিশন দেশের এই সর্ববৃহৎ সাধারণ নির্বাচন সুষ্ঠু তথা নিরাপদে অনুষ্ঠিত করার জন্য বদ্ধপরিকর ।কমিশন নির্বাচনের সময়কালে বিভিন্ন ধরনের প্রত্যাহ্বানের মুখোমুখী হবার জন্য যথাযত পরিকল্পনা গ্রহণ করেছে ।অর্থবল ,বাহুবল সহ ভুয়ো তথ্য প্রচার ও হিংসা তথা নির্বাচনী আচরনবিধি লঙ্ঘন করার মতো ঘটনা ঐ সময়ে ঘটতে পারে বলে নির্বাচন কমিশন আশংকা প্রকাশ করেছে । স্পর্শকাতর অঞ্চলগুলিতে সম্ভাব্য যেকোনো ধরণের পরিস্থিতির মোকাবিলা করার জন্য পর্যাপ্ত কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর ব্যবস্থা করা হয়েছে । জেলাগুলিতে সমন্বিত নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হয়েছে ।স্পর্শকাতর ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

কংগ্রেস ওয়ার্কিং কমিটির এক বৈঠক আজ নতুন দিল্লীতে অনুষ্ঠিত হয় ।দলের মূখ্য কার্যালয়ে অনুষ্ঠিত এই বেঠকে দলের ইস্তাহার সম্পর্কিত নিশ্চয়তার বিষয় নিয়ে আলোচনা করা হয় । কংগ্রেস সভাপতি মল্লিকাজুন খার্গে সামাজিক

মাধ্যমে একথা জানিয়ে বলেন যে ১৯২৬ সাল থেকে কংগ্রেসের ইস্তাহারকে দেশের রাজনৈতিক ইতিহাসে বিশ্বাস ও দায়বদ্ধতার নথি হিসেবে গন্য করা হয় ।তিনি বলেন যে দলের কার্যকরী সমিতির বৈঠকে দলটির ইস্তাহার সম্পর্কে গভীরভাবে আলোচনা করা হয় ।বেঠকে সভাপতি খার্গে সহ কংগ্রেস সংসদীয় দলের নেত্রী সোনিয়া গান্ধী ও প্রবীন নেতারা উপস্থিত ছিলেন ।বৈঠকের পর অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে দলের সাধরণ সম্পাদক কে সি বেনুগোপাল বলেন যে সভাপতি খার্গেকে ইস্তাহারে চূড়ান্ত অনুমোদন দিতে ওয়ার্কিং সমিতি কতৃত্ব প্রদান করেছে ।ভারত জোড়ো ন্যায় যাত্রার গতিশীলতাকে এগিয়ে নিয়ে যেতে সমিতি এই নিশ্চয়তার বার্তা তৃণমূল পর্যায়ে প্রসারিত করার পরিকল্পনা প্রস্তুত করেছে বলে শ্রী বেনুগোপাল জানান ।

--------------------------------------------------------------------------------

নাগাল্যান্ডের ডিমাপুর ও কোহিমায় গতকাল আকষনীয় উদ্বোধনের মাধ্যমে উত্তরপূর্ব ক্রীড়া প্রতিযোগীতা আরম্ভ হয়েছে । গতকাল রাত ৭ টায় ডিমাপুরের সুমৌকেডিমায় নতুনকরে নিমার্ণ করা গেমস ভিলেজে নাগাল্যান্ডের মূক্যমন্ত্রি নেওফিউ রিও প্রতিযোগীতার আনুষ্ঠানিক উদ্বোদন করেন ।অনুষ্ঠানে ভাষন প্রসংগে মুখ্যমন্ত্রী শ্রী রিও বলেন যে উত্তরপূর্বাঞ্জলে ক্রীড়ার যষেষ্ট সম্ভাবনীয়তা রয়েছে । উত্তরপূর্ব ক্রীড়া মহোৎসব সমগ্র উত্তরপূর্বাঞ্জলের জনসাধারণের মধ্যে একতাকে অনুপ্রাণিত করার সহ অঞ্চলটির ক্রীড়া প্রতিভাকে তাদের প্রতিভা প্রদর্শনের জন্য একটি উপযুক্ত মঞ্চ প্রদান করবে বলে তিনি বলেন । উত্তরপূর্বের ৮ টি রাজ্যের তিন হাজারের ও বেশী ক্রীড়াবিদ মোট ১৫ ধরনের বিভিন্ন বিভাগের খেলায় অংশ গ্রহণ করবেন ।

--------------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে বিভিন্ন রাজনৈতিক দল প্রচার অভিআন আরম্ভ করেছে । আজ লখিমপুর লোকসভা আসনের শদিয়ার অমরপুরে শিক্ষামন্ত্রী তথা বিজেপি নেতা ডা: রণোজ পেগু ও ঐ আসনের বিজেপি প্রার্থী প্রদান বরুয়া প্রচার করেন । শিবসাগর রুদ্রসাগর পঞ্চায়েতে আজ আয়োজিত বিজেপির এক সাংগঠনিক সভায় যোরহাট লোকসভা আসনের বিজেপি প্রার্থী তপন কুমার গগৈ , মন্ত্রী যোগেন মোহন , সাংসদ পল্লব লোচন

দাস সহ জেলা বিজেপির বহু নেতা কর্মী অংশ গ্রহণ করেন । গোয়ালপারা জেলার দুধনৈতে আজ গৌহাটী আসনের প্রার্থী মীরা বরঠাকুর একটি নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন করে নেতা কর্মীদের সংগে মত বিনিময় করেন ।নগাওঁ জেলার কলিয়াবরে আজ মন্ত্রী পীজুষ হাজারিকা একটি প্রচার সভায় অংশ গ্রহণ করেন ।সভায় মন্ত্রী কেশব মহন্ত , কাজিরাঙা আসনের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসা সহ বেশ কিছুসংখ্যক লোক অংশ গ্রহণ করেছে ।অন্যদিকে বিরোধী কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দলগুলি নিজ নিজ প্রার্থীর সমর্থনে প্রচার চালিয়ে যাচ্ছে ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও ক্ষমতাসীন বিজেপি সহ বিরোধী রাজনৈতিক দলগুলি বিভিন্নভাবে প্রচার চালিয়ে যাচ্ছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার জনসাধারণের মধ্যে ভোটদানের আগ্রহ বৃদ্ধি করতে জেলা নির্বাচনী প্রচার বিভাগ তৎপরতা শুরু করেছে ।জেলার এস ভি ই ই পি সেলের পক্ষ থেকে আজ আয়নাখাল চাবাগান সহ পার্শ্ববর্তী পার্বত্য এলাকায় বসবাসকারী জনসাধারণের মধ্যে ভোটার সচেতনতা গড়ে তুলতে আজ এক অভিযান চালানো হয় ।অতিরিক্ত আয়ুক্ত পূজা দাওলাগপুর নেতৃত্বে একটি দল আজ ঐ এলাকায় উপস্থিত হয়ে ভোটাদাতাদের সঙ্গে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন ।বিশেষ করে নতুন ভোটার , মহিলা ভোটার ও প্রবীণ ভোটারদের ভোটদানের আহ্বান জানানো হয় ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত পোষ্টাল ব্যালট সম্পর্কে তথ্য প্রকাশ করে জানান যে নির্বাচনের কাজে জড়িত কর্মীরা পোষ্টাল ব্যলটের মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন ।শিলচর সদর রাজস্ব চক্রাধিকারীর কার্যালয়ের পোষ্টাল ব্যালট পেপার সেল থেকে আবেদন পত্র (ফর্ম নম্বর ১২ ) সংগ্রহ করতে হবে ।সেলটি সকাল ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত খোলা থাকবে ।আগামী সাত এপ্রিলের মধ্যে পোষ্টাল ব্যালটের জন্য আবেদন জানানো যাবে ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে হাইলাকান্দি জেলার নতুন ভোটার সহ জনসাধারণকে ইভি এম , ভিভিপ্যাট সম্পর্কে সচেতন করে তুলতে হাইলাকান্দি চক্র আধিকারীকের কার্যালয়ের সামনে অস্থায়ী ইভি এম প্রদর্শন কেন্দ্র ও সেলফি পয়েন্ট খোলা হয়েছে ।জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে লোকসভা নির্বাচনে জেলার প্রতিটি গ্রামাঞ্চলের মানুষ যাতে ইভিএম সম্পর্কে পরিচিত হতে পারেন তারজন্য এধরণের জন সচেতনতামূলক কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের কাজে হাইলাকান্দি জেলা প্রশাসনের বিভিন্ন নির্বাচনী সেলে কর্মরত কর্মী সহ গাড়ি চালকদের সম্পূর্ণ তথ্য তিনদিনের মধ্যে পোস্টাল ব্যালট পেপার সেলে জমা দিতে প্রত্যেক সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীকদের বলা হয়েছে ।অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পোস্টাল ব্যালট পেপার সেলের দ্বায়িত্বপ্রাপ্ত আধিকারীক প্রত্যেক সেলের দ্বায়িত্বপ্রাপ্ত আধিকারীকদের তিনদিনের মধ্যে নিজ নিজ সেলের নির্বাচনী কাজে নিয়িজিত ব্যক্তিদের সংখ্যা জানাতে অনুরোধ করেছেন ।সরকারী কর্মচারী সহ সমস্ত রিকুইজিশন করা যানবাহন চালক যারা পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে চান তাদের নাম জমা দিতে হবে ।

-----------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা  নির্বাচন অবাধ , সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য করিমগঞ্জ জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে ।কন্ট্রোল রুমের টোল ফ্রি নম্বর হচ্ছে ১৯৫০ ও টেলিফোন নম্বর হচ্ছে ০৩৮৪৩- ২৬৫১৪৪ ।নির্বাচন সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য ঐ নম্বরে যোগাযোগ করা যাবে । এছাড়া জেলার কোনো ও স্থানে যদি কেউ নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেন তাহলে তৎক্ষনাৎ ঐ টোল ফ্রি নম্বর ও টেলিফোন নম্বরে অভিযোগ জানাতে পারবেন ।

-----------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা মেজিস্ট্রেট আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার অধিনে এক আদেশে জেলায় লাইসেন্স প্রাপ্ত

অস্ত্রশস্ত্র নিয়ে চলা ফেরায় নিষেধাজ্ঞা জারি করেছেন ।আদেশে নতুন কোন অস্ত্রের লাইসেন্স প্রদান করার ক্ষেত্রেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।গতকাল জারি করা এই আদেশ আগামী চৌঠা জুন পর্যন্ত বলবৎ থাকবে ।আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধির ১৮৮ ধারার অধীনে ব্যবস্থা গ্রহণ করা হবে ।জেলা মেজিস্ট্রেট মৃদুল যাদবের জারি করা আদেশের প্রতিলিপি জেলা পুলিশ সুপার , সব চক্রাধিকারীক , সব  খন্ড উন্নয়ন আধিকারীক এবং সব থানায় প্রেরণ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার সমবায় সমিতি ও করিমগঞ্জ জেলার ন্যায্য মূল্যের দোকানের যৌথ সভা আজ জেলা গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হয় ।সভায় বক্তারা সমবায় সমিতি একটি স্বেচ্ছামূলক স্বশাসিত সংগঠন যা নিজেদের আর্থসামাজিক উন্নয়নের সংগে সংগে অংশীদারিত্বের ভিত্তিতে গনতান্ত্রিকভাবে নিয়ন্ত্রিত ব্যবসা ন্যায্যমূল্যের দোকানগুলির মাধ্যমে দরিদ্রদের কাছে ন্যায্য মূল্যে খাদ্য শস্য সরবরাহ করা হয় বলে উল্লেখ করেন ।সভায় করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ , উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ , মিশন রঞ্জন দাস সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------